

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৭৬

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ১৩৭. শিশুদের পেশাব কাপডে লাগলে

باب بَوْلِ الصَّبِيِّ يُصِيبُ الثَّوْبَ

আরবী

حَدَّتَنَا مُجَاهِدُ بْنُ مُوسَى، وَعَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ الْعَنْبَرِيُّ، _ الْمَعْنَى قَالَا حَدَّتَنِي أَبُو السَّمْحِ، الرَّحْمَنِ بْنُ مَهْدِيِّ، حَدَّتَنِي يَحْيَى بْنُ الْوَلِيدِ، حَدَّتَنِي مُحِلُّ بْنُ خَلِيفَةَ، حَدَّتَنِي أَبُو السَّمْحِ، قَالَ : كُنْتُ أَخْدِمُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَكَانَ إِذَا أَرَادَ أَنْ يَغْتَسِلَ قَالَ "وَلِّنِي قَالَ". فَأُولِيهِ قَفَاى فَأَسْتُرُهُ بِهِ فَأْتِي بِحَسَنِ أَوْ حُسَيْنِ فَبَالَ عَلَى صَدْرِهِ فَجِئْتُ أَغْسِلُهُ قَقَاكَ ". فَأُولِيهِ قَفَاى فَأَسْتُرُهُ بِهِ فَأْتِي بِحَسَنِ أَوْ حُسَيْنِ فَبَالَ عَلَى صَدْرِهِ فَجِئْتُ أَغْسِلُهُ فَقَالَ : "يُغْسَلُ مِنْ بَوْلِ الْجَارِيَةِ وَيُرَشُّ مِنْ بَوْلِ الْغُلَامِ". قَالَ عَبَّاسٌ : حَدَّتَنَا يَحْيَى بْنُ لَقَالَ الْأَبُوالُ الْوَلِيدِ . قَالَ أَبُو الزَّعْرَاءِ . قَالَ هَارُونُ بْنُ تَمِيمٍ عَنِ الْحَسَنِ قَالَ الأَبُوالُ كُلُّهَا سَوَاءً

_ صحيح

বাংলা

৩৭৬। আবৃস সামহ্ (রাঃ) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাত করতাম। তিনি গোসল করার ইচ্ছা করলে আমাকে বলতেনঃ তুমি পিঠ ঘুরিয়ে দাঁড়াও। তখন আমি পিঠ ঘুরিয়ে দাঁড়িয়ে তাঁকে আড়াল করে রাখতাম। একবার হাসান অথবা হুসাইন (রাঃ)-কে আনা হলে তাঁদের একজন তাঁর বুকে পেশাব করে দিলেন। আমি তা ধৌত করতে এলে তিনি বললেনঃ মেয়ে শিশুর পেশাব ধোয়া আবশ্যক হয়। আর ছেলে শিশুর পেশাবে পানি ছিটিয়ে দিলেই যথেষ্ট। [1]

সহীহ।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, হাসান বাসরীর মতে, সব পেশাবের হুকুমই (নাপাক হিসেবে) সমান।



English

Narrated AbusSamh:

I used to serve the Prophet (ﷺ). Whenever he intended to wash himself, he would say: Turn your back towards me, So I would turn my back and hide him. (Once) Hasan or Husayn (may Allah be pleased with them) was brought to him and he passed water on his chest. I came to wash it. He said: It is only the urine of a female which should be washed; the urine of a male should be sprinkled over.

'Abbas (a narrator) said: Yahya b. al-Walid narrated the tradition to us. Abu Dawud said: He (Yahya) is Abu al-Za'ra'. Harun b. Tamim said on the authority of al-Hasan: All sorts of urine are equal.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ শিশু কন্যার পেশাব, হাঃ ৩০৩), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ এমন বাচ্চার পেশাব সম্পর্কে যে শক্ত খাবার খায় না, হাঃ ৫২৬), বায়হাকী 'সুনানুল কুবরা' (২/৫১০)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবুস-সামহ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন